দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 27 JUN 2015
পৃষ্ঠা: ১৪ কলাম: ৬

# যশোরের ৪৪ মাধ্যমিক বিদ্যালয়ে নতুন ভবন

## ব্যয় ২২ কোটি টাকা

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥ জেলার ৭ উপজেলার ৪৪টি মাধ্যমিক বিদ্যালয়ে ২২ কোটি ৬৪ লাখ ২৬ হাজার টাকা ব্যয়ে নতুন ভবন নির্মাণ করা হয়েছে। এ কাজ করা হয়েছে শিক্ষা অধিদফতরের অর্থায়নে। সেই সঙ্গে ১১টি বিদ্যালয়ে চলছে ৪ কোটি ৩১ লাখ ৫৪ হাজার টাকা ব্যয়ে ভবন নির্মাণের কাজ। যা প্রায় শেষের দিকে।

শিক্ষা অধিদফতরের যশোর অফিস সূত্র জানায়, এ কাজ শুরু করা হয় ২০১৩ সালে।

এর মধ্যে যশোর সদরে ৫ কোটি ৫৫ লাখ ৫৪ হাজার টাকা ব্যয়ে ৮টি বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ করা হয়েছে। এগুলো হচ্ছে কাশিমপুর মাধ্যমিক বিদ্যালয়, উপশহর মাধ্যমিক বিদ্যালয়, কাজিপুর জিটি মডেল, নারাঙ্গালী সম্মিলনী, যশোর আদর্শ বালিকা, চাঁচড়া মাধ্যমিক বিদ্যালয়, এডিপি সম্মিলনী, তীরেরহাট শহীদ ইদ্রিস মেমোরিয়াল।

এ উপজেলায় ৬৬ লাখ ৬৩ হাজার টাকা ব্যয়ে হাশিমপুর এমএল হাইস্কুলের ভবন নির্মাণের কাজ। শার্শা উপজেলায় ৫ কোটি ১২ লাখ টাকা ব্যয়ে ৯ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করা হয়েছে। এগুলো হচ্ছে শিকারপুর সম্মিলনী, বাগআঁচড়া সম্মিলনী বালিকা, শাড়াতলা উচ্চ বিদ্যালয়, গোগা বালিয়ানী, গাতিপাড়া, গোবরপাড়া, উলাশী, তবিবর রহমান সরদার মাধ্যমিক বিদ্যালয় ও বালুন্ডা মাধ্যমিক বিদ্যালয়।